শিক্ষাঙ্গন

# এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বেতন নিয়ে সুখবর

যুগান্তর প্রতিবেদন
প্রকাশ: ০১ অক্টোবর ২০২৫, ০৭:৪২ পিএম




X

বেসরকারি স্কুল-কলেজে কর্মরত পৌনে ৪ লাখ শিক্ষক-কর্মচারীর সেপ্টেম্বর মাসের বেতন আইবাসে জমা হয়েছে। আগামী সপ্তাহের মাঝামাঝি তারা সেপ্টেম্বর মাসের বেতন-ভাতা পেতে পারেন।

বিষয়টি নিশ্চিত করে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) এডুকেশন ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (ইএমআইএস) সেলের এক কর্মকর্তা গণমাধ্যমে বলেন, 'দুর্গাপূজার ছুটির কারণে অফিস কার্যক্রম বন্ধ রয়েছে। যার ফলে চলতি সপ্তাহে বেতনের কার্যক্রম পরিচালনা করা সম্ভব হবে না। আগামী সোমবার (৬ অক্টোবর) অথবা মঙ্গলবার (৭ অক্টোবর) শিক্ষক-কর্মচারীরা সেপ্টেম্বর মাসের বেতন-ভাতা পাবেন।'

এমপিওভুক্ত শিক্ষকদের জন্য বড় সুখবর

এর আগে গত ২৮ সেপ্টেম্বর বেসরকারি স্কুল-কলেজে কর্মরত পৌনে চার লাখ এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীর সেপ্টেম্বর মাসের বেতনের প্রস্তাব শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হয়। মোট ৩ লাখ ৭৪ হাজার ৭৫২ জন শিক্ষক-কর্মচারী রয়েছেন। এর মধ্যে স্কুলের ২ লাখ ৮৯ হাজার ২০০ জন ও কলেজের ৮৬ হাজার ১৭৭ জন শিক্ষক-কর্মচারী রয়েছেন। আগামী সপ্তাহে তারা সেপ্টেম্বর মাসের বেতন-ভাতা পেতে পারেন।

X